যুগান্তর

তারিখ … 18 JUN 2016 …
পৃষ্ঠা … কলাম …

# নেত্রকোনায় শেখ হাসিনা বিশ্ববিদ্যালয় অনুমোদনে আনন্দ র‍্যালি

**নেত্রকোনা প্রতিনিধি**

নেত্রকোনায় 'শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়' অনুমোদনে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে অভিনন্দন জানিয়ে শুক্রবার বিকালে সার্কিট হাউস প্রাঙ্গণ থেকে জেলাবাসী আনন্দ র‍্যালি বের করেন। যুব ও ক্রীড়া উপমন্ত্রী আরিফ খান জয় এমপির নেতৃত্বে র‍্যালিটি বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। র‍্যালিতে জেলা ফুটবল ফেডারেশানের সাধারণ সম্পাদক সাইফ খান বিপ্লব, বাফুফে সম্মানিত সদস্য অমিত খান শুভ্র, খালিয়াজুরী উপজেলা চেয়ারম্যান সোয়েব সিদ্দিকী, মাসুদ খান জনি, গোপাল পণ্ডিত, সুপ্রীয় সরকার রাজু, রিপন রায়, শ্যামল চন্দ্র দাস, নজরুল ইসলাম, শিক্ষক, ছাত্র-ছাত্রীসহ সব শ্রেণী-পেশার লোকজন অংশগ্রহণ করেন।